তারিখ 18 NOV 2016
পৃষ্ঠা ১৪ কলাম ৫

দৈনিক
ইত্তেফাক

# চন্দনাইশে পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ

■ চন্দনাইশ (চট্টগ্রাম) সংবাদদাতা

চট্টগ্রামের চন্দনাইশ উপজেলায় এসএসসি পরীক্ষায় ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ উঠেছে। এতে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে। উপজেলায় ২৬টি মাধ্যমিক বিদ্যালয় এবং ১৬টি দাখিল মাদ্রাসা রয়েছে। চলতি বছরের এসএসসি ও দাখিল পরীক্ষায় প্রায় তিন হাজার অধিক পরীক্ষার্থী অংশ নিচ্ছেন। শিক্ষা মন্ত্রণালয়ের বিধি নিষেধ থাকলেও উপজেলার অধিকাংশ বিদ্যালয় তা উপেক্ষা করে কোচিং ফি, বিদ্যালয়ের উন্নয়ন এবং নানাবিধ অজুহাতে দ্বিগুণ ফি আদায় করা হচ্ছে শিক্ষার্থীদের কাছ থেকে। এদিকে বিদ্যালয়ে অতিরিক্ত ফি আদায় নিয়ে উপজেলার দোহাজারী জামিজুরী বালিকা বিদ্যালয়ের অনেক অভিভাবক ক্ষোভে চট্টগ্রাম জেলা প্রশাসক ও শিক্ষা বোর্ড বরাবর লিখিত অভিযোগ দায়ের করেন। তবে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবু বিষ্ণু যশা চক্রবর্তীর সাথে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের কথা অস্বীকার করে বলেন, বোর্ডের নির্ধারিত ফি ছাড়া অন্য কোনো ফি আদায় করা হচ্ছে না। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবু কাউসার এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় নিয়ে কিছুই জানেন না বলে জানিয়েছেন।